

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ
প্রকল্প পরিচালকের কার্যালয়

“বুড়িগঙ্গা, তুরাগ, শীতলক্ষ্যা ও বালু নদীর তীরভূমিতে পিলার স্থাপন, তীররক্ষা,
ওয়াকওয়ে ও জেটিসহ আনুষঙ্গিক অবকাঠামো নির্মাণ (২য় পর্যায়)”
১৪১-১৪৩, বিআইডব্লিউটিএ ভবন (৬ষ্ঠ তলা), মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।


নথি নং-১৮.১১.০০০০.২৬৬.১৪.০৯৬.১৮(৬)/২৭২

তারিখ : ০১ জানুয়ারী ২০১৯

জাতীয় বেতন স্কেল ২০১৫ এর গ্রেড-১০ অনুযায়ী মূল বেতন এবং অন্যান্য স্বীকার্য ভাতাদিসহ সর্বসাকুল্যে মাসিক বেতন ২৭,১০০/- (সাতাশ হাজার একশত) টাকায় বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ, প্রকৌশল বিভাগের আওতায় “বুড়িগঙ্গা, তুরাগ, শীতলক্ষ্যা ও বালু নদীর তীরভূমিতে পিলার স্থাপন, তীররক্ষা, ওয়াকওয়ে ও জেটিসহ আনুষঙ্গিক অবকাঠামো নির্মাণ (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্পের অধীনে নিম্নবর্ণিত ব্যক্তিগণকে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্প চলাকালীন সময়ের জন্য “উপ-সহকারী প্রকৌশলী (পুর)” পদে নিয়োগ প্রদান করা হলো।

ক্রমিক নং	নাম ও পিতার নাম	প্রকল্পের নাম
০১	মোঃ মাকছুদুর রহমান পিতা- মিনহাজ উদ্দিন	“বুড়িগঙ্গা, তুরাগ, শীতলক্ষ্যা ও বালু নদীর তীরভূমিতে পিলার স্থাপন, তীররক্ষা, ওয়াকওয়ে ও জেটিসহ আনুষঙ্গিক অবকাঠামো নির্মাণ (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্প।
০২	মোঃ মনিরুল হক পিতা- মোঃ মনোয়ার হোসেন	ঐ

- এ নিয়োগ আদেশের সাথে “বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষের” নিয়মিত নিয়োগের কোন সম্পর্ক থাকবে না। কর্তৃপক্ষের চাকুরীতে কোনরূপ স্থায়ী বা নিয়মিত করার অধিকার থাকবে না।
- এ নিয়োগাদেশ জারীর ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে তাহারা প্রকল্প পরিচালকের দপ্তরে যোগদান করবেন।
- নির্ধারিত তারিখের মধ্যে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগাদেশ বাতিল বলে গণ্য হবে।
- বর্ণিত প্রকল্পে প্রকল্প চলাকালীন সময়ের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্প সমাপ্তি পর্যন্ত চাকুরী বহাল থাকবে। তবে প্রয়োজনে প্রকল্প সমাপ্তির পূর্বে কর্তৃপক্ষের ও সরকারি বিধি বিধানের আলোকে প্রকল্প পরিচালক কর্তৃক তাকে কাজ হতে অব্যাহতি দিতে পারবেন।
- এ নিয়োগ পত্রই চাকুরী অব্যাহতি পত্র হিসেবে গণ্য করা হবে। প্রকল্প শেষে অব্যাহতির বিষয়ে নতুন করে কোন অব্যাহতি পত্র প্রদান করা হবে না।
- প্রকল্প সংক্রান্ত সরকারি নিয়ম-কানুন প্রযোজ্য হবে।
- যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নিয়োগাদেশ জারী করা হলো।


০২/০১/১৯
মোঃ নূরুল আলম (যুগ্ম সচিব)
সদস্য (অর্থ), বাঅনৌপক, ঢাকা
ও
প্রকল্প পরিচালক